ভোরের কাগজ

৩৮

তারিখ AUG. 30 1999

৩০ . ৮

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসনে লিয়াজোঁ কমিটি গঠন

চ. বি. সংবাদদাতা : ক্যাম্পাসে বাস সার্ভিস পুনরায় চালুর দাবিতে আন্দোলনরত ছাত্রসংগঠনগুলোর সঙ্গে আলোচনার মাধ্যমে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসনের লক্ষ্যে গত শনিবার ৪ সদস্যের একটি লিয়াজোঁ কমিটি গঠন করা হয়েছে। কমিটি আগামী ৪ সেপ্টেম্বর থেকে কাজ শুরু করবে বলে জানা গেছে।

কলা অনুষদের ডীন ড. ইমরান হোসেনকে আহ্বায়ক এবং প্রক্টর ড. গাজী সালেহউদ্দিনকে কমিটির সদস্য সচিব করা হয়েছে। কমিটির অপর দু সদস্য হলেন শাহ আমানত হলের প্রভোস্ট ড. আজিজুর রহমান এবং এফ রহমান হলের প্রভোস্ট ড. শামসুদ্দিন আহমেদ।

জানা গেছে, ক্যাম্পাসে তৎপর সাতটি ছাত্রসংগঠনকে এই লিয়াজোঁ কমিটির পক্ষ থেকে চিঠি ইস্যু এবং পৃথক পৃথকভাবে প্রতিটি ছাত্রসংগঠনের সাতজন নির্বাহী সদস্যকে আলোচনায় আহ্বান করা হচ্ছে।

এদিকে, আন্দোলনরত ছাত্রসংগঠনসমূহের নেতৃবৃন্দ জানিয়েছেন, তারা আলাদা আলাদাভাবে আলোচনায় যাবেন না।